| শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন |
|---|

# উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১ -১০৪২(৪০)

তারিখ ঃ ১৮ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ
০৩ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় ঃ উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ০৭ নভেম্বর ২০২২ তারিখ সোমবার বেলা ১২:০০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের নভেম্বর ২০২২ মাসের উন্নয়ন সমন্বয় সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ০৬-১১-২০২২ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৩/১১/২২

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

Ahmed
০৩/১১/22

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১) ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) ডিপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস, কুড়িগ্রাম।
(বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
১১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৯) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম
২০) ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, কুড়িগ্রাম।(বিশেষ আমন্ত্রনে)
২১) চেয়ারম্যান,.......................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২২) জনাব...........................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১ -২০৪২ (৪০)

তারিখ ঃ ১৮ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ
০৩ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।

২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।

৫। অফিস নথি।

3/11/22

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

Ahmed
06/11/22

# উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : নভেম্বর, ২০২২ সভার তারিখ: ০৭/১১/২০২২, সময় : বেলা- ১২.০০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01746445526 | — | |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 017224168 | | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718688677 | rimonsahakatiadi@gmail.com | |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01750947984 | fulkuri.uao@gmail.com | |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718455198 | ulophulbarik@dls.gov.bd | |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | 01320133438 | | |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716410506 | [illegible]@gmail.com | |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722061193 | ue.fulbari.kur@lged.gov.bd | |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718996474 | iakbarkabir00@gmail.com | |
| ১২ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস(আমন্ত্রিত)। | | | |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-401808 | sabujkumargupta07@gmail.com | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01793069792 | ummekulsum urdofulbari@..com | |
| ১৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১১৬৪১৩[illegible] | upazilacoopphulbari@gmail.com | |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724-913930 | uwaofulkuri@gmail.com | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২১ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী, কুড়িগ্রাম। | (মো: হাসান আলী | | |
| ২২ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01771415111 | — | |
| ২৩ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, কুড়িগ্রাম (আমন্ত্রিত) | | | |

## পজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : নভেম্বর, ২০২২ সভার তারিখ: ০৭/১১/২০২২, সময় : বেলা- ১২.০০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01720047348 | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01725193366 | — | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭৭৯১৯৯৭৫০ | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01734163808 | | |
| ৭ | বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আজিজার রহমান (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | 01718387045 | | |

# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

**নভেম্বর, ২০২২ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | বীর মুক্তিযোদ্ধা মো: গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম । |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ । |
| তারিখ | ঃ | ০৭ নভেম্বর, ২০২২। |
| সময় | ঃ | বেলা ১২.০০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো ।

সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান ।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমন দাস সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্য বিষয়-২ (**বিভাগীয় কার্যাবলী** আলোচনা :

উপজেলা প্রকৌশল বিভাগ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল বিভাগ | (১) সভায় উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>(২) তিনি আরও জানান, চলতি ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ১ম কিস্তিতে ২০,৭৬,০০০/- (বিশ লক্ষ সত্তর হাজার) টাকা মাত্র বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত প্রাপ্ত টাকার বরাদ্দের অনুপাতে ২য়, ৩য় ও ৪র্থ কিস্তির সম্ভাব্য বরাদ্দ হিসাবে বিবেচনা করে চার কিস্তির বরাদ্দ বাবদ সর্বমোট=৮৩,০৪,০০০/- (তিরাশি লক্ষ চার হাজার) টাকা মাত্র হয়। কিন্তু গত ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিলে অর্থবছর শেষে =১৫,৬৩,৬২৫/- (পনের লক্ষ তেষট্টি হাজার ছয়শত পঁচিশ) টাকা মাত্র উদ্বৃত্ত থাকায় উক্ত টাকা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে অন্তর্ভুক্ত হবে বিধায় উক্ত উদ্বৃত্ত =১৫,৬৩,৬২৫/- (পনের লক্ষ তেষট্টি হাজার ছয়শত পঁচিশ) টাকাসহ সর্বমোট= (৮৩,০৪,০০০+ ১৫,৬৩,৬৬২৫)=৯৮,৬৭,৬২৫/- (আটানব্বই লক্ষ সাতষট্টি হাজার ছয়শত পঁচিশ) টাকার বাস্তবায়নযোগ্য প্রকল্প গ্রহণ করা যেতে পারে। স্থানীয় চাহিদা ও বাস্তব অবস্থার উপর ভিত্তিত করে গত ০১/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন প্রকল্প যাচাই-বাছাই কমিটি কর্তৃক নিম্নবর্ণিত প্রকল্পসমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ও দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের সুপারিশ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (১) বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(২) নিম্নবর্ণিত প্রকল্পসমূহ প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ও দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/২)

## ২০২২-২০২৩ দরপত্র স্কীম তালিকা :

| ক্রঃ নং | প্রকল্পের নাম ও অবস্থান | বরাদ্দ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | চন্দ্রখানা ভুতমারী মসজিদ হতে হারুনের বাড়িগামী রাস্তায় পুকুরের গাইড ওয়াল নির্মাণ করণ। | ১০০০০০/- | দরপত্র |
| ০২ | চন্দ্রখানা ৭নং ওয়ার্ডে জকার হাটে জাবেদের বাড়িগামী রাস্তায় পুকুরে প্যালাসাইডিং করণ। | ১০০০০০/- | দরপত্র |
| ০৩ | নাগদাহ মৌজায় মুক্তিযোদ্ধার বাড়ীর পার্শ্বে ড্রেন নির্মাণ করণ। | ১০০০০০/- | দরপত্র |
| ০৪ | ভাংগামোড় ইউপির ফুলবাড়ী - নেওয়াশি রাস্তার পার্শ্বে নকিবুলের বাড়ির রাস্তা সিসি করণ। | ২০০০০০/- | দরপত্র |
| ০৫ | নগরাজপুর-পাকা রাস্তা হতে উত্তর ব্যাপারী ঈদগাহ গামী রাস্তা সিসি করণ। | ২৫০০০০/- | দরপত্র |
| ০৬ | বালারহাট হতে ফুলমতি পাকা রাস্তা ভায়া হাছেন চেয়ারম্যানের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ। | ৩০০০০০/- | দরপত্র |
| ০৭ | কাশিপুর ইউপির কাশিপুর মাদরাসা হতে মানিকের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ। | ২৫০০০০/- | দরপত্র |
| ০৮ | বড়ভিটা ইউপি'র মোঃ খয়বর আলী সাবেক চেয়ারম্যানের তেপতি হতে মানিক খন্দকারের বাড়ির রাস্তা সিসি করণ। | ২০০০০০/- | দরপত্র |
| ০৯ | পানি মাছকুটি মৌজার মজনু মিয়ার বাড়ি হতে কিবরিয়া মুক্তিযোদ্ধার বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ। | ২৫০০০০/- | দরপত্র |
| ১০ | বড়ভিটা ইউপির ৪নং ওয়ার্ড আব্দুল হক মাওলানার বাড়ী হতে বেলালের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি করণ। | ২০০০০০/- | দরপত্র |
| ১১ | বড়ভিটা ইউপির ৬নং ওয়ার্ড খোকা মাঝির বাড়ী গড় পর্যন্ত রাস্তা সিসি করণ। | ১০০০০০/- | দরপত্র |
| ১২ | ফায়ার সার্ভিস অফিস হতে আইয়ুব মাওলনার এর বাড়ি গামী রাস্তা সিসিকরণ। | ২০০০০০/- | দরপত্র |
| ১৩ | বড়লই মধ্যপাড়া বিদ্যালয়ের পার্শ্বে প্যালাসাইডিং নির্মাণ করণ। | ১০০০০০/- | দরপত্র |
| ১৪ | চন্দ্রখানা মনছার মেম্বারের বাড়ীর মসজিদ উন্নয়ন করণ। | ৪০০০০০/- | দরপত্র |
| ১৫ | কাশিপুর ইউপি'র ডাঃ লুৎফর রহমান এর বাড়ি গামী রাস্তা সিসি করণ। | ৩৫০০০০/- | দরপত্র |
| ১৬ | সাংবাদিক আব্দুল আজিজ মজনুর বাড়ির রাস্তা সিসি করণ। | ১০০০০০/- | দরপত্র |
| ১৭ | ফুলবাড়ী থানায় গ্যারেজ নির্মাণ করণ। | ৩০০০০০/- | দরপত্র |
| ১৮ | বড়ভিটা ইউপি'র কুটিবাড়ী ইসলামিয়া মাদ্রাসার ঘর সংস্কার করণ। | ১০০০০০/- | দরপত্র |
| ১৯ | শিমুলবাড়ী জিপিএস স্কুল গামী রাস্তা সিসি করণ। | ২৫০০০০/- | দরপত্র |
| ২০ | উপজেলাধীন প্রশিক্ষণ প্রাপ্ত মহিলাদের মাঝে সেলাই মেশিণ বিতরণ করণ। | ১০০০০০/- | দরপত্র |
| ২১ | ফুলবাড়ী উপজেলার বিভিন্ন প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণ করণ। | ১০০০০০/- | দরপত্র |
| ২২ | চন্দ্রখানা সাইদুল প্রভাষকের বাড়ি হতে মুসল্লিপাড়া গামী রাস্তা সিসি করণ। | ১৫০০০০/- | দরপত্র |
| ২৩ | রাবাইটারী মোঃ রজব আলী শেখের বাড়ি হতে দক্ষিণে আব্দুস সাত্তার এর পর্যন্ত রাস্তা সিসি করণ। | ১৫০০০০/- | দরপত্র |
| ২৪ | খামারের বাজার মইনুল হক মাষ্টারের বাড়ি হতে কবির মামুদ খানকা শরীফ পর্যন্ত রাস্তা সিসি করণ। | ১০০০০০/- | দরপত্র |
| ২৫ | কাশিপুর ইউপির মৃত আনছার আলী মাষ্টারের বাড়ী হতে জায়গীরটারী জামে মসজিদ পর্যন্ত রাস্তা সিসি করণ। | ১০০০০০/- | দরপত্র |
| ২৬ | ভাংগামোড় ইউপি'র ভোলা সরকার এর বাড়ীর সামনে ইউড্রেন নির্মাণ করণ। | ৭৫০০০/- | দরপত্র |
| ২৭ | রাবাইটারী স্কুলের গেট নির্মাণ করণ। | ৭৫০০০/- | দরপত্র |
| ২৮ | ঘোঘারকুটি স্কুলের কানেকশন রাস্তা সিসি করণ। | ১৫০০০০/- | দরপত্র |
| ২৯ | উপজেলা অফিসার্স ক্লাব মেরামত/সংস্কার করণ। | ৬৫০০০০/- | কোটেশন |
| ৩০ | কালিমন্দির হতে হাসপাতাল ভায়া মোঃ গোলাম রব্বানী সরকার উঃ পঃ চেয়ারম্যানের বাড়ি পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন কাজের অসমাপ্ত কাজ সমাপ্ত করণ ও ফুলবাড়ী উপজেলাধীন আদর্শ কৃষকদের আবাদের পানি সরবরাহের জন্য ২টি শ্যালো মেশিণ বিতরণ ও বীজ বিতরণ করণ। | ৪৫০০০০/- | কোটেশন |
| ৩১ | কাশিপুর জোলাটারী মসজিদের পার্শ্বে পুকুরের প্যালাসাইডিং করণ। | ১০০০০০/- | |
| ৩২ | আনুসাংগিক ব্যয় | ৪৯০০০/- | ডিপিএম |
| ৩৩ | আজিজার মাষ্টারের বাড়ির মসজিদে লেট্রিন নির্মাণ করণ। | ১৫০০০০/- | দরপত্র |
| ৩৪ | মধ্য পানিমাছকুটি মসজিদ উন্নয়ন করণ। | ২০০০০০/- | |
| ৩৫ | ফুলবাড়ী বালারহাট রাস্তার কদমতলা ইকবালের বাড়ির পার্শ্বে প্যালাসাইডিং করণ। | ৫০০০০/- | দরপত্র |
| ৩৬ | অধুনালুপ্ত দাসিয়ার ছড়ায় মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনার স্মৃতিস্তম্ভ নির্মাণ করণ। | ৪০০০০০/- | কোটেশন |
| ৩৭ | কাশিপুর ইউপির মরহুম শাহাদত অধ্যক্ষের বাড়ীর রাস্তা সিসি করণ। | ১৫০০০০/- | দরপত্র |
| ৩৮ | পানি মাছকুটি বেলার সাংবাদিকের বাড়ির রাস্তা সিসি করণ। | ১৪৬৫৫৬/- | দরপত্র |
| | মোট টাকা= | ৭১৯৫৫৫৬/- | |

(চলমান পাতা/৩)

<table>
<tr>
<td>প্রাণি সম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত সেপ্টেম্বর/২০২২ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২১৬২টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১৪১৯৮টি</td></tr>
<tr><td>৩</td><td>নমুনা সংগ্রহ গবেষণাগারে প্রেরণ</td><td>১৭টি</td></tr>
<tr><td>৪</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>৪৮২০ টি</td></tr>
<tr><td>৫</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৫৩,০০০টি</td></tr>
<tr><td>৬</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>৩১৩টি</td></tr>
<tr><td>৭</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>১০১ টি</td></tr>
<tr><td>৮</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৪টি</td></tr>
<tr><td>৯</td><td>উঠান বৈঠকে অংশগ্রহণকারী</td><td>৫৯ জন</td></tr>
<tr><td>১০</td><td>উন্নত জাতের ঘাষ চাষ কার্যক্রম</td><td>১.১ একর</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাচ্চা উৎপাদন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
<tr>
<td>স্বাস্থ্য বিভাগ</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ হাসপাতালের কার্যক্রম স্বাভাবিক।</td>
<td>সভায় আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান আরো বৃদ্ধি করতে অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
<tr>
<td>বাংলাদেশ পুলিশ ফুলবাড়ী থানা</td>
<td>অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, ফুলবাড়ী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। মাদকের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রয়েছে।</td>
<td>মাদক পাচার ও সেবনের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখতে হবে।</td>
<td>১) অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা।<br>২। ইউপি চেয়ারম্যান/ সচিব (সকল)।</td>
</tr>
<tr>
<td>কৃষি বিভাগ</td>
<td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর দপ্তরের নভেম্বর, ২০২২ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন :<br>১। রোপা আমন ধান কর্তন চলছে প্রায় ৮০% জমির ধান কর্তন হয়েছে। হেক্টর প্রতি গড় ফলন ৪.৮০-৫.০০ মে: টন। (ধানে)<br>২। আবাদী জমির সর্বোচ্চ ব্যবহারের জন্য অত্র উপজেলার অনাবাদী ও পতিত জমিতে ৭৭টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে।<br>৩। ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপিসহ অন্যান্য সারের সরবরাহ স্বাভাবিক রয়েছে।</td>
<td>কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
<tr>
<td>বিদ্যুৎ বিভাগ</td>
<td>ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস সভায় জানান যে, সরকারি নির্দেশনা অনুযায়ী বিদ্যুৎ বিতরণ করা হচ্ছে। তিনি বকেয়াসহ হালনাগাদ বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সরকারি নির্দেশনা বাস্তবায়নে সকলের প্রতি অনুরোধ জানান।</td>
<td>সভায় বিস্তারিত আলোচনান্তে বকেয়াসহ হালনাগাদ বিদ্যুৎ বিল পরিশোধের লক্ষ্যে গ্রাহক/ জনসাধারণকে উদ্বুদ্ধ করতে জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হয় এবং উপজেলা পরিষদ চত্বরের অফিস/ বাসাবাড়ীতে অবস্থানরত কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকলকে বিদ্যুৎ বিল হালনাগাদ পরিশোধ করার অনুরোধ করা হয়।</td>
<td>১.ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি।<br>২.ইউপি চেয়ারম্যান (সকল)।<br>৩.সকল কর্মকর্তা এবং বাসাবাড়ীর সকল ভাড়াটিয়া।</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান, প্রাথমিক শিক্ষা বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান:<br>১। বিদ্যালয়ের শ্রেণি পাঠদান কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে চলমান;<br>২। শিক্ষকগণের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত;<br>৩। েয সকল বিদ্যালয়ে এসএমসি গঠন হয়নি, সে সকল বিদ্যালয়ের এসএমসি গঠন কার্যক্রম চলমান রয়েছে।<br>৪। কোভিড-১৯ প্রতিরোধে বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের টিকাদান কার্যক্রম চলমান ছিল। কিন্তু ভেকসিন না থাকায় টিকা গ্রহণ স্থগিত রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা শি[illegible] অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>(ক) অক্টোবর, ২০২২ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতে ৭৯৩ জনকে ১,৫১,৪৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) অক্টোবর ২০২২ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮১২৯ জনকে ৪,০৪,৮৮,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) অক্টোবর, ২০২২ পর্যন্ত উত্তরবঙ্গ প্রকল্পের আওতায় ৩৫৬ জনকে ১,০৫,৫৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>(ঘ) অক্টোবর,২০২২ পর্যন্ত ৭৮৮৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(ঙ) ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮৩%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৭৬% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>তিনি আরো জানান, তাঁর কার্যালয়ের ইলেক্ট্রিক ওয়ারিং মারাত্মক ঝুকিপূর্ণ, অফিসের সামনে বৈদ্যুতিক লাইট নেই এবং অফিসঘর জরুরী ভিত্তিতে মেরামত/সংস্কার করা জরুরী প্রয়োজন। | ১)দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।<br>২) অফিস ঘর মেরামত ও বৈদ্যুতিক ওয়ারিং এর প্রাক্কলন প্রস্তুতপূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান হয়। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী।<br>উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমসহ মৎস্য চাষ উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। "পারফরমেন্স বেজড গ্র্যান্টস ফর সেকেন্ডারি ইন্সটিটিউশনস (PBGSI)"শীর্ষক স্কিমের আওতায় স্কুল/মাদ্রাসা/স্কুল এন্ড কলেজ ব্যবস্থাপনা জবাবদিহি অনুদান (SMAG/MMAG/HBAG) প্রদানের লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংগ্রহ কার্যক্রম চলমান। ২। দ্বিতীয় পর্যায়ে প্রতিষ্ঠানে ইউনিক আইডি সংক্রান্ত কার্যক্রম চলমান, ৩। শিক্ষা প্রতিষ্ঠানে নির্বাচনী পরীক্ষা কার্যক্রম চলমান।<br>৪। এইচএসসি ও সমমান পরীক্ষা-২০২২ চলমান এবং পরিদর্শন কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। ৫। জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২১ অনুযায়ী বিষয় ভিত্তিক শিক্ষকগণের অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম চলমান ৬। শিক্ষা জরিপ (ব্যানবেইজ)-২০২২ তথ্য প্রদান কার্যক্রম সম্পন্ন হয়েছে। ৭। নতুন শিক্ষাক্রম বিষয়ক অনলাইন প্রশিক্ষণ কার্যক্রম চলমান। উদ্দেশ্যে তথ্য প্রদান কার্যক্রম চলমান; ৮। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যান্ড্রয়েড সেটে e-mail ও facebook ব্যবহার চালু রাখা। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |

(চলমান পাতা/৪)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ গৃহীত প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন কর্মসূচি/প্রকল্পসমূহের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান রয়েছে :<br>(১) ফুলবাড়ী উপজেলায় ভিজিডি ২০২১-২০২২ চক্রে ৬টি ইউনিয়নে ৫৭৯৯ জন উপকারভোগী রয়েছে। সেপ্টেম্বর/২০২২ মাসের খাদ্যশষ্য বিতরণ করা হয়েছে।<br>(২) ফুলবাড়ী উপজেলার ৬টি ইউনিয়নে "দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান" কর্মসূচিতে ১১৯৪ জন উপকারভোগী রয়েছে। উপকারভোগীদের সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(৩) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে রাজস্বখাতে মহিলা প্রশিক্ষণ **(WTC)** চলমান রয়েছে। জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২ ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। অক্টোবর ২০২২ হতে নতুন ব্যাচের প্রশিক্ষণ শুরু হয়েছে।<br>(৪) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে আইজিএ প্রশিক্ষণ প্রকল্প খাতে উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (দু'টি ট্রেডে) চলমান রয়েছে। জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২ ব্যাচের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণ স্থগিত রয়েছে।<br>(৫) ফুলবাড়ী উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। জানুয়ারি/২২ মাস হতে ক্লাবের নতুন সদস্য অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত ৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ ভিজিডি, মাতৃত্বকাল এবং আয়বর্ধক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি জানান, ১) **G2P** সিস্টেমে সকল ভাতাভোগীর পে-রোল প্রেরণ সম্পন্ন হয়েছে। ২) সমস্যাযুক্ত মোবাইল হিসাব নম্বরসমূহ পরিবর্তনের কাজ চলমান। ৩) সকল প্রতিবন্ধী ভাতাভোগী যাচাই করার সিদ্ধান্ত গ্রহণ; ৪) প্রতিবন্ধী পরিচয়পত্র না থাকায় ভাতাভোগীদের ডাক্তার কর্তৃক সনাক্তকরণের সিদ্ধান্ত গ্রহন। | বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন ভাতা প্রদান ও ঋণদান কার্যক্রম সুষ্ঠু ও নিয়মমাফিক ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী।<br>ইউপি চেয়ারম্যান (সকল)। |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| সামিজক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যাবলিসহ গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |

(চলমান পাতা/৫)

| | | | |
|---|---|---|---|
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ কার্যক্রমসহ দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ দিয়ে থাকে। তাছাড়া ফসলী কর্জ; মেয়াদী কর্জ (সেচযন্ত্র); আবর্তক (কৃষি); সদাবিক; পল্লী প্রগতি প্রকল্প; পদাবিক; উদকনিক; গুচ্ছগ্রাম এবং অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা ঋণ বিতরণ, আদায় কার্যক্রম চলমান। বিতরণ বছরে ২.০০ ক্রমপুঞ্জি সর্বমোট =৪৩১০.৬৭, আদায় বছরে ১০.২২, ক্রমপুঞ্জি ৩৮৯৮.৪৩ হার ৯০%, উপকারভোগী ১০৮২৭।<br>প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ২৪, অর্জন বছরে ২৪, ক্র:পুঞ্জি ২১৫০। ধরণ : সেলাই, এমব্রয়ডারি, শতরঞ্জি বুনন, বাটিক বুটিক। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামিণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ কার্যক্রমসহ দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা পল্লী অফিসার ফুলবাড়ী। |
| বিবিধ | (১) জনাব মো: আব্দুল লতিফ, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ৩। (জ) (২) অনুচ্ছেদ অনুযায়ী ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) উপজেলা কমিটির সভার আপ্যায়নের জন্য মাসিক ৮,০০০/- (আট হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার নির্দেশনা থাকায় তিনি তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত ১২টি সভার আপ্যায়ন বাবদ জুলাই, ২০২১ হতে জুন, ২০২২ পর্যন্ত প্রতিমাসে ৪,০০০/- (চার হাজার) টাকা হারে সর্বমোট (৪,০০০X১২ মাস) ৪৮,০০০/- (আট চল্লিশ হাজার) টাকার পৃথক ১২টি আপ্যায়ন বিল সভায় উপস্থাপন করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>(২) জনাব মোছা: জান্নাতি বেগম, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ৩। (জ)(২) অনুচ্ছেদ অনুযায়ী ভাইস-চেয়ারম্যানগণের সভাপতিত্বে গঠিত ১৭ (সতের) উপজেলা কমিটির সভার আপ্যায়নের জন্য মাসিক ৮,০০০/- (আট হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার নির্দেশনা থাকায় তিনি তাঁর সভাপতিত্বে অনুষ্ঠিত ১২টি সভার আপ্যায়ন বাবদ জুলাই, ২০২১ হতে জুন, ২০২২ পর্যন্ত প্রতিমাসে ৪,০০০/- (চার হাজার) টাকা হারে সর্বমোট (৪,০০০X১২ মাস) ৪৮,০০০/- (আট চল্লিশ হাজার) টাকার পৃথক ১২টি আপ্যায়ন বিল সভায় উপস্থাপন করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>(৩) সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রামের নভেম্বর/২০২২ মাসের বিদ্যুৎ বিল বাবদ যথাক্রমে (১,০৪৭+৪,২৯৩)=৫,২৯৩/- টাকা বিদ্যুৎ বিল পাওয়া যায়। | (১) সভায় দাখিলকৃত বিল সর্বসম্মতি ক্রমে পাশ ও অনুমোদন করা হয়।<br>(২)সভায় দাখিলকৃত বিল সর্বসম্মতি ক্রমে পাশ ও অনুমোদন করা হয়।<br>(৩) নভেম্বর, ২০২২ মাসের দাখিলকৃত বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | (৪) ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদ চত্বর পরিস্কার পরিচ্ছন্ন করা হয়েছে। এ কাজে ২(দুই) ধাপে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা করে ব্যয় হয়েছে (২৫,০০০+২৫,০০০) ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। সভায় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩।(ভ) ক্রমিক অনুযায়ী উপজেলা পরিষদ চত্বর পরিস্কার পরিচ্ছন্ন বাবদ ব্যয়কৃত অর্থ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ২০২২-২০২৩ অর্থবছরে উপজেলা পরিষদ চত্বর পরিস্কার পরিচ্ছন্ন বাবদ ব্যয়কৃত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
www.phulbari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২২-১০৬৫

তারিখ : ২৮ কার্তিক, ১৪২৯
১৩ নভেম্বর, ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ......................................................................................, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৬। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৭। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। উপজেলা...................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। জনাব..............................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। অফিস নথি।

১৩/১১/২২

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০৫৮২৫-৫৬০০১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

১৩/১১/2022